



স্মারক নং-cpiaa/২০২৩/০৯

তারিখ-১৬/১১/২০২৩

CPIAA এর কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী

সভাপতিঃ আব্দুল মজীদ, সভাপতি, CPIAA

সময়ঃ রাত ১০.০০ ঘটিকা

তারিখঃ ০৪/১১/২০২৩ ইং, শনিবার

চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর কার্যনির্বাহী কমিটির ৪র্থ সভাটি বিগত ০৪ই নভেম্বর ২০২৩ ইং তারিখ রোজ শনিবার রাত ১০:০০ ঘটিকায় গুগল মিট এ ভার্সুয়ালি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন CPIAA এর সভাপতি জনাব আব্দুল মজীদ। সভায় সকল অংশগ্রহণকারী আলোচনায় স্বতঃস্ফূর্ত ভাবে অংশগ্রহণ করেন এবং নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক এম এ রহমান বকতিয়ার স্বাগত বক্তব্য প্রদানের মাধ্যমে সভা শুরু করেন।

সভায় অংশগ্রহণকারীদের তালিকা (পরিশিষ্ট-ক) —এ সন্নিবেশিত রয়েছে।

সভার আলোচ্য সূচীঃ

১. কার্যনির্বাহী কমিটির ৩য় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও অনুমোদন।
২. CPIAA এর অফিসিয়াল ওয়েবসাইট এর অগ্রগতি।
৩. ফেসবুক পোস্ট এর জন্য টেম্পলেট ডিজাইন।
৪. পরবর্তী করণীয়।
৫. বিবিধ

বিষয়সূচী	মূল আলোচনা	সিদ্ধান্ত/মন্তব্য
১। কার্যনির্বাহী কমিটির ৩য় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও অনুমোদন।	সভায় কার্যনির্বাহী কমিটির ৩য় সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয়।	সভায় উপস্থিত অংশগ্রহণকারীদের সকলের সম্মতিতে কার্যনির্বাহী কমিটির ৩য় সভার কার্যবিবরণী অনুমোদন ও গৃহীত হয়।
২। CPIAA এর অফিসিয়াল ওয়েবসাইট এর অগ্রগতি।	CPIAA এর কার্যনির্বাহী কমিটির সভাপতি আব্দুল মজীদ অফিসিয়াল ওয়েবসাইট এর অগ্রগতি অবিহিত করেন এবং নভেম্বর ২০২৩ এর মধ্যে ওয়েবসাইট লাইভ করে রেজিস্ট্রেশন শুরুর ব্যাপারে বলেন।	উপদেষ্টা কমিটির সদস্যদের উপস্থিতিতে অনলাইন মিটিং এ ওয়েবসাইট এর শুভ উদ্বোধন ঘোষনার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
৩। CPIAA এর অফিসিয়াল পেইজে পোস্টের জন্য টেম্পলেট ডিজাইন।	CPIAA এর অফিসিয়াল পেইজে বিভিন্ন ধরনের পোস্ট যেমন চাকুরি, জন্মদিন, শোক বার্তা, বিশেষ দিবসের পোস্টের জন্য টেম্পলেট ডিজাইন এর ব্যাপারে আলোচনা হয়।	CPIAA এর সহ-প্রচার সম্পাদক মো: আতিকুল ইসলাম এর সহযোগিতায় টেম্পলেট ডিজাইন এর কাজ চলমান রয়েছে।



<p>৩. পরবর্তী করণীয়।</p>	<p>CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাক্বার বলেন CPIAA এর সকল কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার জন্য কমিটির এ্যাক্টিভিটি বাড়াতে হবে এবং কমিটিকে ১০০% সক্রিয় থাকতে হবে। দপ্তর সম্পাদক মাসুক রায়হান রাতুল ও সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মো: মাহবুব আলী বলেন কমিটির যে সকল সদস্য সক্রিয় না তাদের সাথে ফোন করে কথা বলতে হবে।</p> <p>CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাক্বার ও সহ-অর্থ সম্পাদক হাকিমিন বলেন অষ্টমদের রেজিস্ট্রেশনের আওতায় আনতে হবে। নতুনদের ক্ষেত্রে মুদ্রিত ফরম পূরণ করে ৮ম সেমিষ্টারে ভাইভা পরীক্ষার দিন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। CPIAA এর সাধারণ সম্পাদক এম এ রহমান বকতিয়ার বলেন নতুনদের মুদ্রিত ফরম এর সাথে মুদ্রিত গঠনতন্ত্র দেয়া যেতে পারে।</p> <p>CPIAA এর যুগ্ম সাধারণ সম্পাদক মো: ওয়ালিদ হাসান ও সহ-সাংগঠনিক সম্পাদক মো: মোকাম্মেল হোসেন মিনহাজ বলেন চাঁপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট এর চলমান ও প্রাক্তন ছাত্রদের অ্যালামনাই এর ব্যাপারে অবহিত করতে হবে।</p> <p>CPIAA এর সহ-সভাপতি আব্দুল জাক্বার প্রতি মাসে নির্বাহী কমিটির মিটিং এর ব্যাপারে বলেন।</p>	<p>যে সকল সদস্য সক্রিয় নয় তাদের সাথে ফোন করে কথা বলে যদি তারা CPIAA এর জন্য সময় দিতে না পারে তবে তাদের পদে নতুন কাউকে নিয়োজিত করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>ডিসেম্বর ২০২৩ এ ৮ম সেমিষ্টারের সকল ছাত্র ভাইভা পরীক্ষা দিতে কলেজে যাবে সেদিন সকল ছাত্রদের মুদ্রিত ফরম পূরণের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। নিদৃষ্ট পরিমাণ ফরম ও গঠনতন্ত্র প্রিন্টের ব্যাপারেও সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>চলমান ও প্রাক্তন ছাত্রদের অ্যালামনাই এর ব্যাপারে অবহিত ও সদস্য বাড়ানোর জন্য নিজ নিজ যায়গা থেকে কাজ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>প্রতি মাসের দ্বিতীয় শুক্রবার কমিটির মিটিং ঢাকায় ও চাঁপাইনবাবগঞ্জে অবস্থিত সদস্যদের সমন্বয়ে অনলাইনে এবং চাঁপাইনবাবগঞ্জে অবস্থিত সদস্যদের সমন্বয়ে ফিজিক্যাল মিটিং এর আয়োজনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
<p>৫। বিবিধ</p>	<p>এছাড়াও CPIAA এর যুগ্ম সাধারণ সম্পাদক মো: ইমন আলী বলেন নতুন ছাত্রদের মাঝে আগে থেকে CPIAA এর সম্পর্কে জানানোর জন্য অরিয়েন্টেশন প্রোগ্রামে CPIAA এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত থেকে ফুলেল শুভেচ্ছা জানিয়ে CPIAA সম্পর্কে অবহিত করার ব্যাপারে। তিনি আরো বলেন কমিটির সদস্যদের নিজ নিজ কাজের পরিধি সম্পর্কে জানানোর ব্যাপারে।</p>	<p>অরিয়েন্টেশন প্রোগ্রামে নতুনদের CPIAA এর পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা জানানোর ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয় এবং কমিটির সদস্যদের কাজের পরিধি সম্পর্কে জানতে কমিটির পুরো গঠনতন্ত্র পড়ার জন্য গুরুত্ব আরোপ করা হয়।</p>

সভায় অন্যান্য বিষয় না থাকায়, সভার সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

A Moid

আব্দুল মজীদ

সভাপতি

কার্যনির্বাহী কমিটি, CPIAA।



পরিশিষ্ট-ক

অংশগ্রহণ কারীদের তালিকা: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়:)

১. আব্দুল মজীদ, সভাপতি, CPIAA।
২. এম এ রহমান বকতিয়ার, সাধারণ সম্পাদক, CPIAA।
৩. আব্দুল জাব্বার, সহ-সভাপতি, CPIAA।
৪. মো: ইমন ইসলাম, যুগ্ম-সাধারণ সম্পাদক, CPIAA।
৫. ওয়ালিদ হাসান, যুগ্ম-সাধারণ সম্পাদক, CPIAA।
৬. মাসুক রায়হান রাতুল, দপ্তর সম্পাদক, CPIAA।
৭. হাকিমিন আহম্মেদ (ইমন), সহ-অর্থ সম্পাদক, CPIAA।
৮. মো: মাহবুব আলী, সাহিত্য ও প্রকাশনা বিষয়ক সম্পাদক, CPIAA।
৯. শাহাদাত হোসেন, শিক্ষা ও ছাত্র কল্যান সম্পাদক, CPIAA।
১০. মো: মোকাম্মাল হোসেন (মিনহাজ), সহ-সাংগঠনিক সম্পাদক, CPIAA।
১১. আতিকুল ইসলাম, সহ-প্রচার সম্পাদক, CPIAA।

